MAR. 1 0 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

ইনকিলাব ঃ গতকাল মসজিদে গাউসুল আযম কমপ্লেক্স প্রাঙ্গণে আয়োজিত দাখিল, আলিম, ফাযিল ও কামিল মাদ্রাসা প্রধানদের সম্মেলনে সভাপতির বক্তব্য রাখেন জমিয়াতুল মোদারেছীনের সভাপতি আলহাজ মাওলানা এম, এ. মান্নান

জমিয়াতুল মোদারেছীনের মাদ্রাসা প্রধানদের সম্মেলনে গুজরাটে মুসলিম গণহত্যার নিন্দা

ইবতেদায়ী মাদ্রাসায় শুধু ফ্রি বই নয় উপবৃত্তিও দিতে হবে

নতুবা মাদ্রাসা শিক্ষা শেষ হয়ে যাবে — মাওলানা এম এ মান্নান

স্টাফ রিপোর্টার ঃ গতকাল (শনিবার) বাংলাদেশে জমিয়াতুল মোদারেছীনের সভাপতি ও সাবেক মন্ত্রী আলহাজ মাওলানা এম এ মান্নান বলেছেন, বিএনপি'র প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান অর্ডিন্যান্স করে মাদ্রাসা বোর্ডের স্বায়ত্তশাসন ও মাদ্রাসার শিক্ষকদের বেতন কাঠামো দিয়ে গিয়েছিলেন। অর্ডিন্যান্সে মাদ্রাসার প্রাথমিক শিক্ষা স্তর হিসেবে ইবতেদায়ী মাদ্রাসার কথাও উল্লেখ আছে। বিএনপি'র নির্বাচনী ইশতেহারেও ইবতেদায়ী মাদ্রাসাকে বেসরকারী প্রাইমারী স্কুলের সমান সুযোগ-সুবিধা প্রদানের অঙ্গীকার রয়েছে। সরকার গঠনের পর প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া নিজেও মাদ্রাসার ছাত্র-শিক্ষকদের বেসরকারী স্কুল- কলেজের সমান সুযোগ প্রদানের ঘোষণা দিয়েছেন। বিভিন্ন সময়ে শিক্ষামন্ত্রী, প্রতিমন্ত্রীগণ ও শিক্ষা সচিবও এ বিষয়ে নিজেদের আন্তরিকতা দেখিয়েছেন। তিনি বলেন, এসব ঘোষণা ও আন্তরিকতার প্রতি শ্রদ্ধা রেখেই বলতে চাই, সরকার গঠন হয়েছে ৬ মাস কিন্তু এখন পর্যন্ত কোথাও কোন অর্ডার ইস্যু হয়নি। ঘোষণা ও বিবৃতি পত্রিকার পাতায় থাকলে তো শিক্ষকদের পেটের ক্ষুধা মিটবে না। এজন্য এসব ঘোষণা বাস্তবায়ন করতে হবে। তিনি প্রধানমন্ত্রীকে আগামী বাজেটেই এ বিষয়ে প্রয়োজনীয় বরাদ্দ রাখার জন্য অনুরোধ জানান।

মসজিদে গাউসুল আযম ও জমিয়াতুল মোদারেছীন কমপ্লেক্স প্রাঙ্গণে আয়োজিত দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসার প্রধানদের সম্মেলনে তিনি সভাপতির বক্তব্য রাখছিলেন। বাংলাদেশের বিভিন্ন জেলা ও উপজেলা থেকে জমিয়াতুল মোদারেছীনের প্রতিনিধিগণ সম্মেলনে যোগদান করেন। স্বাগত বক্তব্য রাখেন জমিয়াতুল মোদারেছীনের মহাসচিব আলহাজ মাওলানা এম এ লতিফ। দৈনিক ইনকিলাবের নির্বাহী সম্পাদক মাওলানা রুহুল আমীন খান, জমিয়াত নেতা ও জামায়াতে ইসলামী থেকে নির্বাচিত এমপি আলহাজ মাওলানা মুফতী আবদুস সাত্তার, মাওলানা যাইনুল আবেদীন, মাওলানা শিব্বির আহম্মদ মমতাজী, রাজশাহী বিভাগের প্রতিনিধি মাওলানা ওসমান গনি, মাওলানা আবু বকর সিদ্দিক, খুলনা বিভাগের প্রতিনিধি মাওলানা রেদোয়ানুল করিম, চট্টগ্রাম বিভাগের প্রতিনিধি মাওলানা শাখাওয়াত হোসেন, সিলেট বিভাগের প্রতিনিধি. মাওলানা আবদুর রহীম, মাওলানা নজরুল ইসলাম প্রমুখ সম্মেলনে বক্তব্য রাখেন। সম্মেলনে সাবেক প্রধান নির্বাচন কমিশনার বিচারপতি

ইবতেদায়ী মাদ্রাসায় উপবৃত্তিও দিতে হবে

৮-এর পৃষ্ঠার পর

আবদুর রউফ উপস্থিত ছিলেন।

সংখ্যালঘুদের উপর জুলুম করা ইসলামে হারাম।

হাত বাড়ান স্বাস্থ্যের
অজোপচার-পূর্ব প্রতিরক্ষা প্রতিষ্ঠা

অজোপচার-পূর্ব প্রতিরক্ষা প্রতিষ্ঠা

সম্মান অফিস : মাল্টিন সরকারের বিরুদ্ধে মুসলিম সংস্থার মামলা দায়ের

এনবিপি : সুপ্রসিদ্ধ বৃহত্তর মুসলিম লাতন্ত্র প্রতিষ্ঠান 'মুসলিম লাইভেলিহুড ফর রিলিফ এন্ড ডেভেলপমেন্ট' এই বলে মাল্টিন সরকারের বিরুদ্ধে দেওয়ানী মামলা দায়ের করেছে যে, প্যালেস্টাইন তার সম্মান অভিজ্ঞের যে উদ্যোগ নিয়েছে তা সাম্প্রতিক অধিকারের লংঘন। নিউইয়র্ক টাইমস পত্রিকায় বরাত প্রকাশ, প্যালেস্টাইন ইসির দেশভাগের ক্ষেত্রে সালাহুদ্দিন মামলায় মুসলিম এই সংস্থাটি তাকে সরকারের বর্ণ দোগানাদা হিসেবে চিহ্নিত করায় সরকারী উদ্যোগকে চ্যালেঞ্জ করেছে। পুনঃ প্রদান অভিযোগ করেছে যে, এই সংস্থাটি গ্রামের জন্য বর্ণ সংস্থা করছে। ফিলিস্তিনী সংগঠন গ্রামে ইসরাইলের বিরুদ্ধে আন্দোলন দোষ গ্রামের সাধিত গীবত করছে। ব্যক্তিগত, ক্লাব ও প্রেসার ভিপার্টমেন্টের বিরুদ্ধে সালাহুদ্দিন অভিযোগ করা হয় যে, পুনঃ প্রদানের এই উদ্যোগের ফলে মাল্টিন সংবিধানে গৃহীত মৌল স্বাধীনতার দ্বারায় অধিকার খর্ব হয়েছে। পুনঃ প্রদান গত ডিসেম্বর মাসে এই সংস্থাটিকে সরকারের বর্ণ দোগানাদা প্রদান অবিকৃত করে।

জমিয়াতুল মোদারেছীনের মাদ্রাসা প্রধানদের সম্মেলনে গুজরাটে মুসলিম গণহত্যার নিন্দা

ইবতেদায়ী মাদ্রাসায় শুধু ফ্রি বই নয় উপবৃত্তিও দিতে হবে

নতুবা মাদ্রাসা শিক্ষা শেষ হয়ে যাবে — মাওলানা এম এ মান্নান

ইবতেদায়ী মাদ্রাসায় উপবৃত্তিও দিতে হবে